গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
দিঘলিয়া, খুলনা।
www.digholia.khulna.gov.bd

স্মারক নং-০৫.৪৪.৪৭৪০.০০০০.০৮.০০১.২৫- ৮০ তারিখ: ৩০/০১/২০২৫ খ্রি.।

ইজারা বিজ্ঞপ্তি নং- ০২/ ১৪৩২

বাংলা ১৪৩২ সনের দিঘলিয়া উপজেলার আন্তঃইউনিয়ন খেয়াঘাট ইজারার বিজ্ঞপ্তি

খুলনা জেলার দিঘলিয়া উপজেলার নিম্ন "ক" তফসিল বর্ণিত ০৪টি আন্তঃইউনিয়ন ফেরীঘাট বাংলা ১৪৩২ সনের ০১ বৈশাখ হতে ৩০ চৈত্র পর্যন্ত ০১ (এক) বছর মেয়াদ কালের জন্য ইজারা প্রদানের লক্ষ্যে এতদ্বারা ১ম দফায় শুধুমাত্র পেশাদার পাটনীদের নিকট হতে নির্ধারিত দরপত্র ফরমে এবং সীল মোহরকৃত খামে দরপত্র আহ্বান করা যাচ্ছে। দরপত্র ফরমসমূহ জেলা প্রশাসক, খুলনা মহোদয়ের কার্যালয়ের স্থানীয় সরকার শাখা, সহকারী কমিশনার (ভূমি) দিঘলিয়া, খুলনা এর কার্যালয়ে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ কার্যালয় এবং নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় হতে নির্ধারিত নগদ মূল্যে (অফেরতযোগ্য) ক্রয় করা যাবে এবং জেলা প্রশাসক, খুলনা মহোদয়ের স্থানীয় সরকার শাখা ও নিম্নস্বাক্ষরকারীর অফিসে রক্ষিত দরপত্র বাক্সে জমা দেওয়া যাবে।

"ক" তফসিল

(খেয়াঘাটের তালিকা)

ক্রমিক নং	খেয়াঘাটের নাম	অবস্থান	১৪৩২ সনের সম্ভাব্য সরকারি দর	দরপত্রমূল্য
১.	মাঝির গাতী আন্তঃইউনিয়ন খেয়াঘাট (স্কুলের ঘাট)	গাজীরহাট-বারাকপুর ইউনিয়ন	১৮,৩৩৩/-	৫০০/-
২.	মাঝির গাতী আন্তঃইউনিয়ন খেয়াঘাট (হাটের ঘাট)	গাজীরহাট-বারাকপুর ইউনিয়ন	১৬,১৩৩/-	৫০০/-
৩.	আবালগাতী আন্তঃইউনিয়ন খেয়াঘাট	গাজীরহাট-বারাকপুর ইউনিয়ন	৭,৪৯,৮৮৯/-	১,৫০০/-
৪.	কামারগাতী আন্তঃইউনিয়ন খেয়াঘাট	গাজীরহাট-বারাকপুর ইউনিয়ন	৯,৮৬,৫৭১/-	১,৫০০/-

"খ" তফসিল

দরপত্র সিডিউল বিক্রয়, গ্রহণ ও খোলার সময়সূচি

দফা/পর্ব	দরপত্র সিডিউল বিক্রয়ের শেষ তারিখ ও সময়	দরপত্র দাখিলের তারিখ ও সময়	দরপত্র খোলার তারিখ ও সময়
১ম	১৭ ফেব্রুয়ারি ২০২৫ খ্রি. সোমবার বিকাল ৫.০০ টা পর্যন্ত	১৮ ফেব্রুয়ারি ২০২৫ খ্রি. মঙ্গলবার দুপুর ১.০০ পর্যন্ত	১৮ ফেব্রুয়ারি ২০২৫ খ্রি. মঙ্গলবার বিকাল ৩.০০ টা
২য়	২০ ফেব্রুয়ারি ২০২৫ খ্রি. বৃহস্পতিবার বিকাল ৫.০০ টা পর্যন্ত	২৪ ফেব্রুয়ারি ২০২৫ খ্রি. সোমবার দুপুর ১.০০ টা পর্যন্ত	২৪ ফেব্রুয়ারি ২০২৫ খ্রি সোমবার বিকাল ৩.০০ টা
৩য়	২৬ ফেব্রুয়ারি ২০২৫ খ্রি. বুধবার বিকাল ৪.০০টা পর্যন্ত	২৭ ফেব্রুয়ারি ২০২৫ খ্রি. বৃহস্পতিবার দুপুর ১.০০ টা পর্যন্ত	২৭ ফেব্রুয়ারি ২০২৫ খ্রি. বৃহস্পতিবার বিকাল ৩.০০ টা
৪র্থ	০৩ মার্চ ২০২৫ খ্রি. সোমবার বিকাল ৪.০০টা পর্যন্ত	০৪ মার্চ ২০২৫ খ্রি. মঙ্গলবার দুপুর ১.০০ টা পর্যন্ত	০৪ মার্চ ২০২৫ খ্রি. মঙ্গলবার বিকাল ৩.০০ টা

শর্তাবলী:

১। পেশাদার পাটনী হিসাবে প্রমাণস্বরূপ ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক স্বহস্তে লিখিত পাটনীর সনদপত্র দরপত্রের সাথে অবশ্যই দাখিল করতে হবে।

২। দরপত্রের সাথে উদ্ধৃতদরে ২৫% অর্থ উপজেলা নির্বাহী অফিসার, দিঘলিয়া, খুলনা এর অনুকূলে ব্যাংক ড্রাফট/ পে-অর্ডার আকারে জামানত স্বরুপ জমা দিতে হবে।

৩। দরপত্র বাক্সে প্রাপ্ত দরপত্রসমূহ জেলা প্রশাসক, খুলনার কার্যালয় থেকে সংগ্রহ করার পর তুলনামূলক বিবরণী প্রস্তুত করতঃ উপজেলা উন্নয়ন সমন্বয় সভায় উপস্থাপন করা হবে। উপজেলা উন্নয়ন সমন্বয় কমিটির সিদ্ধান্ত সাপেক্ষে অনুমোদিত দরপত্রদাতাকে পরবর্তী ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে সমুদয় অর্থ নগদ/ ব্যাংক ড্রাফট/ পে-অর্ডারের মাধ্যমে জমা দিতে হবে। নির্ধারিত সময়ের মধ্যে সম্পূর্ণ অর্থ জমা দিতে ব্যর্থ হলে জামানতের অর্থ বাজেয়াপ্ত এবং ইজারা বাতিল করা হবে।

৪। অনুমোদিত ইজারা মূল্যের ১৫% ভ্যাট এবং ১০% আয়কর ও ৫% জামানত ট্রেজারী চালানের মাধ্যমে জমা দিতে হবে । ভ্যাট, আয়কর ও জামানত না পাওয়া গেলে খেয়াঘাটের দখল হস্তান্তর করা হবে না।

৫। ইজারাদারের নিকট প্রাপ্ত সমুদয় অর্থ জমা দেয়ার পর ইজারাদার কর্তৃক ভূমি ব্যবস্থাপনা ম্যানুয়েল ১৯৯১ মোতাবেক ৩০০/- টাকার নন- জুডিশিয়াল স্ট্যাম্পে চুক্তি পত্র সম্পাদন না হওয়া পর্যন্ত কোন অবস্থাতেই খেয়াঘাটের দখল হস্তান্তর করা হবে না।

৬। অনুমোদিত হারের অতিরিক্ত পারানী আদায় করা যাবে না। যদি অতিরিক্ত পারানী আদায় প্রমাণিত হয় তবে ইজারা বাতিল করে পুনরায় ইজারা দেয়া হবে এবং আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

৭। খেয়াঘাটের উভয় পাড়ে নির্ধারিত পারাপারের টোল আদায়ের হার ইজারাদার কর্তৃক টাঙ্গিয়ে রাখতে হবে।

৮। খেয়াঘাটের যাত্রীদের চলাচলের জন্য উপযুক্ত নৌযান সরবরাহ ও উঠানামার জন্য অস্থায়ী ঘাট ইজারাদার নিজ খরচে নির্মাণ ও রক্ষণাবেক্ষণ করবেন।

৯। ইজারাদার কোনক্রমেই ইজারা প্রাপ্ত খেয়াঘাট অন্যের নিকট ইজারা বা বন্দোবস্ত দিতে পারবেন না। যদি অনুরূপ কার্যকলাপ বা চুক্তি পত্রের কোন শর্তের লংঘন ঘটে তবে ইজারাদারের ইজারা বাতিল বলে গণ্য হবে ও জমাকৃত টাকা বাজেয়াপ্ত হবে। তদুপরী ইজারাদার আইনত দন্ডনীয় হবে। অবশিষ্ট সময়ের জন্য ঐ ফেরীঘাট পুনরায় যথাশীঘ্র ইজারা প্রদানের ব্যবস্থা নেয়া হবে।

১০। অসম্পূর্ণ দরপত্র বাতিল বলে গণ্য হবে।

১১। দরপত্র গ্রহণ ও বাতিল করিবার ক্ষমতা কর্তৃপক্ষের থাকবে।

30.01.25

(আরিফুল ইসলাম)
উপজেলা নির্বাহী অফিসার
দিঘলিয়া, খুলনা।
unodigholia@mopa.gov.bd

স্মারক নম্বর-০৫.৪০.৪৭৪০.০০০.০৮.০০১.২৫- তারিখঃ ৩০/০১/২০২৫ খ্রি.

অনুলিপি সদয় জ্ঞাতার্থে:

১। বিভাগীয় কমিশনার, খুলনা বিভাগ, খুলনা।
২। জেলা প্রশাসক, খুলনা।
৩। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), খুলনা।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/ জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো:

০১। উপজেলা নির্বাহী অফিসার,....................(সকল), খুলনা।
০২। সহকারী কমিশনার (ভূমি), দিঘলিয়া, খুলনা।
০৩। উপজেলা......................(সকল) কর্মকর্তা, দিঘলিয়া, খুলনা। (বিজ্ঞপ্তিটি বহল প্রচারের জন্য তার নোটিশ বোর্ডে টানিয়ে রাখার জন্য অনুরোধ করা হল।
০৪। চেয়ারম্যান,........................ইউপি (সকল) , দিঘলিয়া, খুলনা। (বিজ্ঞপ্তিটি তার এলাকায় হাট-বাজারসহ জনাকীর্ণ স্থানসমূহে ঢোল সহরতের মাধ্যমে ব্যাপক প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
০৫। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, ...(সকল) ইউনিয়ন ভূমি অফিস, দিঘলিয়া, খুলনা। তাকে উক্ত ইউনিয়ন ভূমি অফিসাধীন হাট বাজারে বিজ্ঞাপ্তিটি ঢোল সহরতের মাধ্যমে ব্যাপক প্রচারের জন্য অনুরোধ করা হলো।
০৬। সভাপতি/ সম্পাদক..............................বাজার কমিটি, দিঘলিয়া, খুলনা। উক্ত বিজ্ঞপ্তিটি হাট-বাজারে বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
০৭। জনাব................................, প্রাক্তন ইজারাদার..হাট-বাজার, দিঘলিয়া, খুলনা।
০৮। সম্পাদক,...খুলনা তার পত্রিকায় স্বল্পপরিষরে ১ দিনের জন্য বিজ্ঞপ্তি প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
০৯। নোটিশ বোর্ড সমূহ

30.01.25

(আরিফুল ইসলাম)
উপজেলা নির্বাহী অফিসার
দিঘলিয়া, খুলনা।
unodigholia@mopa.gov.bd